

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৫০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৫]

৩। হায়য ঋতুস্রাব (کتاب الحیض)

পরিচ্ছেদঃ ১৫. ঋতুবতী মহিলার উপর সওম কাযা করা জরুরী, সালাত নয়।

باب وُجُوبِ قَضَاءِ الصَّوْم عَلَى الْحَائِضِ دُونَ الصَّلاَةِ

আরবী

وَحَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنْ عَاصِمٍ، عَنْ مُعَاذَةَ، قَالَتْ سَأَلْتُ عَائِشَةَ فَقُلْتُ مَا بَالُ الْحَائِضِ تَقْضِي الصَّوْمَ وَلاَ تَقْضِي الصَّلاَةَ فَقَالَتْ أَحَرُورِيَّةٌ الْمَائِثَ عَائِشَةَ فَقُلْتُ مَا بَالُ الْحَائِضِ تَقْضِي الصَّوْمَ وَلاَ تَقْضِي الصَّلاَةَ فَقَالَتْ أَحَرُورِيَّةٌ وَلَكِنِّي أَسْأَلُ . قَالَتْ كَانَ يُصِيبُنَا ذَلِكَ فَنُوْمَرُ بِقَضَاءِ الصَّوْمِ وَلاَ نُوْمَرُ بِقَضَاءِ الصَّوْمِ وَلاَ نُوْمَرُ بِقَضَاءِ الصَّلاَةِ .

বাংলা

৬৫০-(৬৯/...) আবদ ইবনু হুমায়দ (রহঃ) মুআযাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশাহ (রাযিঃ) কে প্রশ্ন করলাম, ঋতুবতী মহিলা সওম কাযা করবে এবং সালাত কাযা করবে না এটা কেমন কথা? তিনি বললেন, তুমি কি হারারিয়্যাহ? আমি বললাম, আমি হারারিয়্যাহ নই; বরং আমি (জানার জন্যই কেবল) জিজ্ঞেস করছি। তিনি 'আয়িশাহ (রাযিঃ) বললেন, আমাদের এরূপ হত। তখন আমাদেরকে কেবল সওম কাযা করার নির্দেশ দেয়া হত, সালাত কাযা করার নির্দেশ দেয়া হত না। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৫৪, ইসলামিক সেন্টারঃ ৬৬৯)

English

Chapter: A menstruating woman is obliged to make up missed fasts but not prayers

Mu'adha said: I asked 'A'isha: What is the reason that a menstruating woman completes the fasts (that she abandons during her monthly course). but she does not complete the prayers? She (Hadrat 'A'isha) said: Are you a Haruriya? I said: I am not a Haruriya, but I simply want to inquire. She said: We passed through this (period of menstruation), and we were ordered to complete the fasts, but were not ordered to complete the prayers.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মু'আযাহ আল 'আদাবিয়্যাহ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন